




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
[www.dshe.gov.bd.](http://www.dshe.gov.bd)



স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.১৮.০০২.২০২০- ২৪২২৬৭২-


তারিখ : ২৪/১২/২০২০

বিষয় : আসন্ন শীত মৌসুমে কোভিড-১৯ মোকাবেলায় পদক্ষেপ/পরিকল্পনা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: ৩৭.০০.০০০০.০৬৫.৯৯.০০৬.২০.৪৩৬, তারিখ: ৩০/১১/২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আসন্ন শীত মৌসুমে কোভিড-১৯ মোকাবেলায় নিম্নবর্ণিত পদক্ষেপ/পরিকল্পনা গ্রহণের জন্য অত্র অধিদপ্তরের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- ক) স্বাস্থ্যবিধি মেনে কোভিড-১৯ মোকাবেলায় জনসচেতনতা বৃদ্ধির জন্য সকল প্রতিষ্ঠান প্রচারণা কার্যক্রম গ্রহণ করবে।
- খ) কর্মস্থলে সকলে মাস্ক ব্যবহার নিশ্চিত করবেন।
- গ) সামাজিক দূরত্ব নিশ্চিত করে যে কোন কার্যক্রম গ্রহণ করবেন।
- ঘ) শিক্ষা প্রতিষ্ঠান সার্বক্ষণিক পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।
- চ) প্রয়োজনীয় ক্ষেত্রে কোভিড-১৯ মোকাবেলায় ঊর্ধ্বতন/অধস্তন অফিস, শিক্ষার্থী এবং অভিভাবকদের সাথে অনলাইনে যোগাযোগ রক্ষা করবেন।
- ছ) সেবাগ্রহণকারীগণ বিশেষ প্রয়োজন ব্যতীত সরাসরি অফিসে না এসে ডাকযোগে অথবা অনলাইনে কার্য সম্পাদন করবেন।


২৪/১২/২০২০.
(রূপক রায়)

সহকারী পরিচালক(সাধারণ প্রশাসন)

ফোন: ৯৫৫৬৪৩২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০২। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়/মনিটরিং এন্ড ইভালুয়েশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ০৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল;
- ০৪। অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ (সকল);
- ০৫। উপ-পরিচালক(সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ০৬। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল;
- ০৭। জেলা শিক্ষা অফিসার (সকল);
- ০৮। প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল);
- ০৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
- ১০। সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা(মাউশি'র ওয়েব সাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ);
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ১২। সংরক্ষণ নথি।